# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

হবিগঞ্জ-৩৩০০

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস

## ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদের বাণী

আজ ২৬শে মার্চ, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এক গৌরবময় ও অবিস্মরণীয় দিন। এদিনই বাঙালি জাতি মুক্তির সূচনা ঘটিয়ে স্বাধীন বাংলাদেশের আত্মপ্রকাশ ঘটায়। দীর্ঘ ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে আমাদের বিজয় অর্জিত হয়। আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি সেই ৩০ লক্ষ শহীদকে, যাঁরা দেশের জন্য আত্মোৎসর্গ করেছেন, এবং দুই লক্ষ নির্যাতিত মা-বোনকে, যাঁদের ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীনতার স্বাদ পেয়েছি। সশ্রদ্ধ সালাম জানাই অকুতোভয় মুক্তিযো-দ্ধা ও মুক্তিকামী জনতাকে, যাঁরা জীবন বাজি রেখে লড়াই করেছেন এবং মাতৃভূমিকে শত্রুমুক্ত করেছেন। একইসঙ্গে, যাঁরা স্বজন হারিয়েছেন ও নিপীড়নের শিকার হয়েছেন, তাঁদের প্রতি রইল আমার গভীর সমবেদনা।

এই মহান দিবসে আমরা শুধু স্বাধীনতার ইতিহাস স্মরণ করি না, বরং এ অর্জনের প্রকৃত মূল্য উপলব্ধি করি। স্বাধীনতা আমাদের অহংকার, যা আমাদের চেতনা, ঐক্য ও প্রেরণার উৎস। তাই আসুন, আমরা সবাই মিলে শপথ করি জাতির উন্নয়ন ও অগ্রগতির জন্য সর্বোচ্চ নিষ্ঠা ও পরিশ্রমের মাধ্যমে কাজ করব।

বিশ্ববিদ্যালয়গুলো একটি জাতির অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, আর আমাদের শিক্ষার্থীরাও বিশ্বের দরবারে দেশের সুনাম বৃদ্ধিতে অবদান রাখছে। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ও শিক্ষার উৎকর্ষ সাধন ও গবেষণার মাধ্যমে দেশের সমৃদ্ধি নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

স্বাধীনতা একটি অমূল্য অর্জন, তবে এর সুরক্ষা ও দেশকে উন্নতির শিখরে নিয়ে যাওয়ার দায়িত্ব আমাদের সবার। আসুন, আমরা ঐক্যবদ্ধ হয়ে নিরলস প্রচেষ্টার মাধ্যমে দেশকে আরও শক্তিশালী, উন্নত ও মর্যাদাপূর্ণ করে তুলি।আমাদের ঐক্য, নিষ্ঠা ও আত্মোৎসর্গই হবে ভবিষ্যতের বাংলাদেশ গড়ার প্রধান শক্তি। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে এটাই হোক আমাদের অঙ্গীকার।

২৬ মার্চ, ২০২৫
হবিগঞ্জ

**অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ**
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়